দৈনিক ইত্তেফাক

তারিখ 30 MAY 1994
পৃষ্ঠা ৭ কলাম ২

69

# যশোর বোর্ডে পরীক্ষকদের নিয়োগপত্র ছিনতাই

## এসএসসি পরীক্ষার খাতা বিতরণ স্থগিত

**রেজানুর রহমান** ।। পরীক্ষকদের নিয়োগপত্র ছিনতাই এবং অব্যাহত হুমকির প্রেক্ষিতে যশোর শিক্ষাবোর্ড এস,এস,সি পরীক্ষার খাতা বিতরণ স্থগিত রাখিয়াছে। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী গত শনিবার হইতে পরীক্ষার খাতা বিতরণ করার কথা ছিল। কিন্তু কতিপয় ব্যক্তি গত শনিবার বোর্ড প্রাঙ্গণে বিক্ষোভ করে এবং পরীক্ষকদের নিয়োগপত্র কাড়িয়া নেয়। এই ঘটনার পর বোর্ড কর্তৃপক্ষ বোর্ড এলাকায় কড়া পুলিশ প্রহরার ব্যবস্থা করে। জানা যায়, গতকালও বোর্ডের সম্মুখে বিক্ষোভ হইয়াছে এবং কয়েকজন (১০ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

### যশোর বোর্ডে

(১ম পৃঃ পর)

পরীক্ষকের নিয়োগপত্র ছিনাইয়া নেওয়া হইয়াছে। ঘটনার প্রেক্ষিতে যশোর বোর্ডের চেয়ারম্যান গতকাল ঢাকায় শিক্ষা মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সহিত যোগাযোগ করিয়া পরামর্শের ভিত্তিতে প্রশ্নপত্র বিতরণের কাজ স্থগিত রাখিয়াছেন।

পরীক্ষকদের নিয়োগপত্র ছিনতাই ও বিক্ষোভের প্রেক্ষিতে যশোর বোর্ড কর্তৃপক্ষ অসহায় বোধ করিতেছেন। পুলিশ প্রহরায় পরীক্ষকদের বাড়িতে বাড়িতে খাতা পৌঁছানোর কথা ভাবা হইয়াছিল। কিন্তু পরীক্ষকের বাড়িতে সম্ভাব্য হামলা অথবা অবাঞ্ছিত কোন ঘটনার কথা চিন্তা করিয়া এই সিদ্ধান্ত বাতিল করা হয়। জানা যায়, মন্ত্রণালয়ের পরামর্শ অনুযায়ী কম পক্ষে আগামী ৭ দিন যশোর বোর্ড পরীক্ষারখাতা বিতরণ করিবেন না। শিক্ষা সচিব বর্তমানে বিদেশে রহিয়াছেন। তিনি ফিরিয়া আসিলে তাহার উপস্থিতিতে উত্তরপত্র বিতরণ করার কথা চিন্তা করা হইয়াছে। শিক্ষা মন্ত্রী বোর্ডের চেয়ারম্যানকে এই পরামর্শ দিয়াছেন। একই সাথে যশোর বোর্ড যে সকল স্কুলের শিক্ষক এসএসসি পরীক্ষায় অংশ নেয় নাই তাহার তালিকা প্রণয়ন করিতে বলা হইয়াছে। শিক্ষা মন্ত্রণালয় যথাশীঘ্র সম্ভব এই সকল স্কুলের ম্যানেজিং কমিটির নিকট চিঠি পাঠাইবে। গত শনিবার হইতে দেশের অপর ৩টি শিক্ষা বোর্ডে যথারীতি উত্তরপত্র বিতরণের কাজ শুরু হইয়াছে। ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর লতিফুর রহমান জানান, গত দুই দিনে পরীক্ষকদের নিকট বাংলা প্রথম ও দ্বিতীয় পত্রের খাতা পাঠানো হইয়াছে। সকল বিষয়ের উত্তরপত্র বিতরণ করিতে কমপক্ষে ২০ দিন লাগিবে।

যশোর বোর্ডের চেয়ারম্যান বলেন, লিয়াজোঁ কমিটি উত্তরপত্র না নেওয়ার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানায় নাই। অথচ যশোরে একদল তরুণ শিক্ষক লিয়াজোঁ কমিটির নামে উদ্দেশ্যমূলকভাবে বিশৃংখলার সৃষ্টি করিতেছেন। ইহার সমাধান না হইলে এস,এস,সি পরীক্ষার ফল প্রকাশ করিতে অনাকাঙ্ক্ষিত বিলম্ব ঘটিবে।